রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ১৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

তারিখ : ১৭ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: **পাট জাতীয় পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ ক্রয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক এবং আগাম কর রিফান্ড প্রদানের ক্ষমতা মহা-পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর (ডেডো) কে প্রদান।**

নং **০৫/মূসক/২০২৫;**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সালের ৪৭ নং আইন) এর ধারা ৬৯, ধারা ৭৮, ধারা ৮১ এর উপ-ধারা (২) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, পাট জাতীয় পণ্যের রপ্তানিকে উৎসাহিতকরণ ও রিফান্ড ব্যবস্থা সহজীকরণের লক্ষ্যে পাট জাতীয় পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ ক্রয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক এবং আগাম কর, আইনের অন্যান্য বিধানাবলি পরিপালন সাপেক্ষে, রিফান্ড প্রদানের জন্য মহা-পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর (ডেডো) কে ক্ষমতা প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোহাঃ মসিউর রহমান**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০